| ক্রঃ নং | আলোচ্য বিষয় | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | | অর্ধাহারে অনাহারে দিনাতিপাত করছে সেসমস্ত মানুষকে চাউল,ডাউল ,তেল, লবন ইত্যাদি সামগ্রী উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে সহযোগিতা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ও ইউপি চেয়ারম্যান (সকল) ডুমুরিয়া, খুলনা। |
| ১৯. | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তার পক্ষে ও অস্ত্রসহ ভিডিপি মৌলিক প্রশিক্ষনের কার্যক্রম চলমান আছে। এমাসে ০২জন আনসার সদস্য বেসিক কম্পিউটার প্রশিক্ষণ নিয়েছেন , ০১ জন ইলেক্ট্রিক্যাল , ০১ জন অটোমোবাইল ও ০১ জন টাইলস প্রশিক্ষণে অংশগ্রহণ করেছেন। | সেবামূলক কাজে অংশ গ্রহণ নিশ্চিত করার জন্য পরামর্শ প্রদান করা হলো। | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, ডুমুরিয়া |
| ২০. | আনসার ও ভিডিপি অফিসের কার্যক্রম | উপজেলা আনসার ও ভিডিপি অফিস, ডুমুরিয়া,খুলনা এর টিনসেড ভবনের বিভিন্নস্থানে ফাটল ধরেছে। আনসার সদর দপ্তর হতে ১৫ শতক জমি প্রাপ্তিসাপেক্ষে নতুন ভবন বরাদ্দের নিমিত্ত অর্থ বরাদ্দ প্রদান করা হবে মর্মে উপজেলা আনসার ও ভিডিপি অফিসার সভায় জানান। আসন্ন নির্বাচন, পূজা ও প্রশিক্ষণ ও বিভিন্ন জনগুরুত্বপূর্ণ কাজে আনসারদের সমাগম ও প্যারেডের জন্য ময়দান ও ভবনের আবশ্যকতা রয়েছে। বিষয়টি সভায় আলোচনা হয় এবং প্রয়োজনীয় জমি বরাদ্দের বিষয়ে একমতপোষণ করেন। | সভাপতি উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী কর্তৃক সীমানা চিহ্নিত করবেন। বর্তমান ভবনের নিকটবর্তী চিহ্নিতস্থানে উপজেলা পরিষদের জমিতে উপজেলা আনসার ও ভিডিপি অফিস নির্মাণের অনুমতি দেয়া হলো। | চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, ও উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, ডুমুরিয়া,খুলনা |

বিবিধ ঃ উপজেলায় সর্বমোট ভূমিহীন ও গৃহহীন “ক” শ্রেণির পরিবারের পুনর্বাসনের লক্ষ্যে উপজেলা টাস্কফোর্স কমিটি সিদ্ধান্ত অনুযায়ী ১ম পর্যায় ১৪০ টি ভূমিহীন পরিবারের মাঝে ঘর ইতোমধ্যে হস্তান্তর করা হয়েছে। ২য় পর্যায় ৫০০ টি ভূমিহীন পরিবারের মাঝে কার্যক্রম ডিজাইন ও স্পেসিফিকেশন অনুযায়ী সম্পন্ন হয়েছে। আম্ফানে ক্ষতিগ্রস্থ ০৬ টি পরিবার এবং ক্ষুদ্র নৃগোষ্ঠির ১০ টি পরিবারের ঘর সম্পন্ন হয়েছে। উক্ত ঘরগুলি সঠিক ডিজাইন ও গুনগত মান রক্ষা করে কাজ সম্পাদন করা হয়েছে। বসবাসকারীরা সেখানে ভালভাবে বসবাস করছেন।

<u>মাননীয় সংসদ সদস্য</u> ঃ মাননীয় সংসদ সদস্য মহোদয় সভায় জানান করোনাকালীন সময়ে অসহায় মানুষকে নিয়মিত খাদ্য সহায়তা প্রদানের বিষয়ে আলোচনা করেন এবং সকলকে স্বাস্থ্যবিধি কঠোরভাবে পরিপালন ও সকলের সুস্থ্যতা কামনা করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

এজাজ আহমেদ
চেয়ারম্যান
ডুমুরিয়া উপজেলা পরিষদ
ডুমুরিয়া, খুলনা
ফোনঃ ০৪০২৫-৫৬২২৫(অফিস)

